.BFA REPUBLIK ÖSTERREICH
BUNDESAMT FÜR FREMDENWESEN UND ASYL

অ্যাসাইলাম সন্ধানকারীদের কর্তব্য এবং অধিকারের ওপর তথ্য শীট

সাধারণ তথ্যগুলি প্রথমে পড়ুন!

অনুগ্রহ করে নিম্নলিখিত বিষয়গুলি লক্ষ্য করুন:

1. আপনার অ্যাসাইলাম পদ্ধতিতে আমাদের সঙ্গে সহযোগিতা করুন!

সর্বদা সত্যি কথা বলুন!

আপনার স্বার্থে **সততার সঙ্গে এবং সম্পূর্ণভাবে আপনার আবেদন পত্র পেশ করাআপনার একটা কর্তব্য**।ভুল তথ্য আপনার বিশ্বাসযোগ্যতার ক্ষতি করবে! আপনার অ্যাসাইলামপদ্ধতিতে কি কি তথ্য আপনার দেওয়া দেওয়া উচিত সে ব্যাপারে পিপল স্মাগলার (চোরাচালানকারী) অথবা স্মাগলার সংস্থার কথা শুনবেন না।আপনি যা বলেন তা যদি সত্য না হয় তাহলে সে সকল পরামর্শ আপনার ক্ষতি করতে পারে!

- অপ্রয়োজনীয় দ্বিধা ছাড়াই (অ্যাসাইলাম আবেদন হিসাবে নিম্নলিখিত উল্লেখ্য)আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন ব্যাখ্যা করুন।যখন জিজ্ঞাসা করা হবে তখন প্রয়োজনীয় সংশ্লিষ্ট বিষয়গুলি সততার সঙ্গে পেশ করুন!
- যত তাড়াতাড়ি সম্ভব আপনার সকল সাক্ষ্য-প্রমাণাদি পেশ করুন।
- ইতিমধ্যেই যদি আপনি অন্য কোন ইউরোপীয়ান দেশে থেকে থাকেন তা আমাদের বলুন।
- কর্তৃপক্ষকে কাছে কোন ভুল তথ্য দেবেন না। নাম, পূর্বে ব্যবহৃত নাম, জন্ম তারিখ,

আগেকার বাসস্থানের দেশ,

আগেকার অ্যাসাইলাম আবেদনগুলি, এর সঙ্গে পারিবারিক এবং সামাজিক সম্বন্ধগুলির সম্বন্ধে সত্যি বিবরণগুলি দিন।

- আপনার জাতীয়তা, অথবা আসল দেশ অথবা আপনার নথিপত্রের সত্যতার (উদাহরণস্বরূপ, ভ্রমণের নথিপত্র, ট্রেনের টিকিট) ব্যাপারে কর্তৃপক্ষকে প্রতারণা করবেন না। এটা আপনার অ্যাসাইলাম আবেদনের মূল্যায়নে নেতিবাচক প্রভাব ফেলতে পারে এবং আপনার আবেদনপত্রটি তত্ক্ষণাত বাতিল হয়ে যেতে পারে।
- কেন আপনি অ্যাসাইলামের খোঁজ করছেন এবং কর্তৃপক্ষের দ্বারা আপনাকে বিশদভাবে জিজ্ঞাসিত সংশ্লিষ্ট ঘটনাগুলির ব্যাপারে সত্যপূর্ণ তথ্যগুলি দিন।
- যদি আপনি একটা পরীক্ষার (সাক্ষাত্কার) জন্য ডাক পান, অনুগ্রহ করে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হন। একই ভাবে, যদি আপনি পরীক্ষার জন্য একটা ডাক পান (উদাহরণস্বরূপ, একজন ডাক্তারের অথবা বিশেষজ্ঞের দ্বারা), তাহলে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে সশরীরে উপস্থিত হন এবং এই তদন্তে সহযোগীতা করুন। অনুগ্রহ করে এই সাক্ষাত্কারগুলিতে আমাদের সঙ্গে কাজ করে আমাদের সাহায্য করুন!
- যদি আপনি অসুস্থতার কারণে সাক্ষাত্কারে উপস্থিত হতে না পারেন, তাহলে তত্ক্ষণাতকর্তৃপক্ষকে জানিয়ে দিন, এবং ডাক্তারের কাছ থেকে নিশ্চিতকরণ শংসাপত্র এনে দিন। এছাড়াও যখন আপনি অন্য কোন কারণে সাক্ষাত্কারে আসতে পারছেন না, তখনও কর্তৃপক্ষকে বলুন!
- যখন কল করা সাক্ষাত্কারে আপনি অননুমোদিত উপস্থিত থাকেন, তখন অ্যাসাইলাম কর্তৃপক্ষ নিশ্চয় অনুমান করবেন যে আপনি পদ্ধতি থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে চান। আপনার অ্যাসাইলাম পদ্ধতি পরিত্যক্ত হয়ে যেতে পারে, অথবা একটা নেতিবাচক সিদ্ধান্তে পৌঁছতে পারে অথবা আপনার জন্য গ্রেফতারি পরোয়ানা বের হতে পারে।
- চিহ্নিতকরণ পদ্ধতিতে সহযোগিতা করুন (উদাহরণস্বরূপ, আঙুলের ছাপ নেওয়া, পাসপোর্ট ছবির ব্যবস্থা)!
- আপনার ডাকের ঠিকানার প্রত্যেকটি পরিবর্তনের খবর আপনি কর্তৃপক্ষকে অবশ্যই জানাবেন - অর্থাতযে ঠিকানায় আমরা আপনার ডাক পাঠিয়েছি।যখন আপনি বিদেশে থাকছেন তখনও এটা প্রযোজ্য হবে। যখন আপনি অস্ট্রিয়ায় আছেন, তখন তিন দিনের মধ্যে রেজিস্ট্রেশন অধিকর্তার

সঙ্গে সংযোগ করলেই চলবে। আপনি একজন অনুমোদিত ব্যক্তির নোটিফিকেশনে আমাদের জানাতে পারেন, যার কাছে নোটিফিকেশন দেওয়া হতে পারে (যেমন, অস্ট্রিয়ার একজন পরিচিত আবাসিকের, দাতব্য সংস্থা প্রভৃতি)।

- এটা আপনার জন্য খুব জরুরী যে অধিকর্তা জানবেন যে কোন ঠিকানায় আপনার চিঠিপত্র পাঠানো হবে। যদি আপনি আপনার পরিবর্তিত ঠিকানা আমাদের না জানান, তাহলে আপনার পক্ষে এটা একটা নেতিবাচকফলাফল হতে পারে:

  - টিএম যদি একটা কল আপনাকে প্রদানকরতে না পারা যায়, আপনার অ্যাসাইলাম পদ্ধতি পরিত্যক্তহতে পারেঅথবা একটা বিপরীত সিদ্ধান্তে পৌঁছে যেতে পারে। আপনি নির্বাসনের বিপক্ষে আপনার সুরক্ষা হারাতে পারেন!
  - টিএমযদি কর্তৃপক্ষ আপনাকে বিজ্ঞপ্তি না পাঠাতে পারেন, তহলে আপনি হয়ত একটা আইনী আবেদনের গুরুত্বপূর্ণ শেষ সীমা হারাতে পারেন(উদাহরণস্বরূপ, একটা আপীল)।
  - টিএম এর ফলে কোর্টের সিদ্ধান্ত আইনত বৈধ হয়ে যাবে এবং নির্বাসনের বিপক্ষে আপনার কোন সুরক্ষা থাকবে না।

- যদি আপনি বলেন যে আপনি একজন অপ্রাপ্তবয়স্ক এবং তার ব্যাপারে সন্দেহ থাকলে, আপনাকে অপরিবর্তনীর সার্টিফিকেটের দ্বারা অথবা অন্য কোন ধরণের নিশ্চিতকরণের দ্বারা আপনার অপ্রাপ্তবয়স্কতার প্রমাণ দিতে হবে। যদি আপনি এটা করতে না পারেন, তাহলে বয়স নির্ণয়ের জন্য অধিকর্তা মেডিক্যাল পরীক্ষার আদেশ দিতে পারেন।বয়স নির্ধারণের ব্যাপারে আরও তথ্য একটা পৃথক শীটে পাওয়া যাবে।
- আপনি যদি একজন সঙ্গীবিহীন নাবালক হন, অর্থাৎ আপনার বয়স ১৪ বছরের কম হয়, কর্তৃপক্ষ আপনার জন্য পরিবারের খোঁজ করতে বাধ্য নয়। আপনার পরিবারের খোঁজ করার জন্য আপনার আবেদন দাখিল করার সুযোগ রয়েছে। কর্তৃপক্ষ পরিবারের খোঁজ করার জন্য আপনাকে সাহায্য করবে। সঙ্গীবিহীন নাবালকের পরিবারকে খুঁজে পাওয়া নিয়ে আরো তথ্য একটা ভিন্ন তথ্য পাতায় পাওয়া যাবে।
- আপনি যদি একজন সঙ্গীবিহীন প্রাপ্তবয়স্ক হন, অর্থাৎ আপনার বয়স ১৪ বছরের বেশী হয়, কর্তৃপক্ষ আপনার জন্য পরিবারের খোঁজ করতে বাধ্য। আপনি অবশ্যই পরিবারের খোঁজ করতে সহযোগিতা করবেন এবং আপনার পারিবারিক সম্পর্ক প্রমাণ করে এমন সব তথ্য হাজির করবেন। একইভাবে, পরিবারের খোঁজ করার কাজে এই পর্যন্ত যত ফলাফল পাওয়া গিয়েছে তা ফেডারেল অফিসকে আপনি অবিলম্বে জানাতে বাধ্য। প্রাপ্তবয়স্ক নাবালকের পরিবারকে খুঁজে পাওয়া নিয়ে আরো বিস্তারিত তথ্য

একটা ভিন্ন তথ্য পাতায় পাওয়া যাবে।

- যদি আপনি একটা যোগাযোগ কেন্দ্রে একজন **গৃহহীণ হিসাবে রেজিস্ট্রীকৃত** হন, তাহলে আপনি স্বয়ংক্রিয় ভাবেই একজন **ডিউটি অফ রিপোর্টিং**–এর বিষয় হবেন।ঐ সংযোগ কেন্দ্রের নিকটবর্তী পুলিশ স্টেশনে প্রতি চোদ্দ দিন অন্তর আপনাকে রিপোর্ট করতে হবে। এই রিপোর্টিং এর ডিউটির দিনটি আরম্ভ হবে গৃহহীণ হিসাবে রেজিস্ট্রীকৃত হওয়ার পরের প্রথম কাজের দিন থেকে। যতদিন আপনি একটা ভর্তি পদ্ধতির মধ্য দিয়ে যাবেন ততদিন এই ব্যবস্থাটি প্রযোজ্য হবে না।
- একবারঅ্যাসাইলামেরজন্যআপনারআবেদনজমাদেওয়াহয়েগেলে, আপনার**প্রাথমিক ‘রিসেপশানসেন্টারে’ স্থায়ীভাবে উপলব্ধ থাকার প্রয়োজন** যতক্ষণ না অনুমোদন প্রক্রিয়ার শুরুর সময় প্রক্রিয়াকরণ এবং তদন্তমূলক ধাপগুলি সম্পূর্ণ না হয়, যা সর্বোচ্চ ১২০ ঘন্টা।এইসময়ের জন্য আপনাকে **লাল প্রসিডিওর কার্ড** ইস্যু করা হবে।

  পৃথক ক্ষেত্রে এই সর্বোচ্চ সময় সীমা ১২০ ঘন্টাটি ফেডারেলঅফিসকর্তৃক সর্বোচ্চ ৪৮ ঘন্টায় উন্নিত হতে পারে। যদি এইরূপ বর্দ্ধিত সীমা কার্যকর হয় তাহলে আপনাকে লিখিত বিজ্ঞপ্তি দেওয়া হবে। অনুগ্রহ করে ‘ইনফো পয়েন্টে’ জিজ্ঞাসা করে নিন যদি এই সময়ের মধ্য আপনার ডাক্তারের কাছে যাওয়া বা অফিসের কাজকর্ম সারতে যাওয়া একান্ত প্রয়োজন হয়। রিসেপশন সেন্টারে স্থায়ীভাবে উপলব্ধ থাকার সময়সীমায় আপনার উপস্থিত থাকার প্রমাণ স্বরুপ সময়সীমা **সমাপ্ত হবার পর** আপনাকে একটি **সবুজ প্রসিডিওর কার্ড** বা সাদা **বসবাসের অধিকার পারমিট** ইস্যু করা হবে।

যদি আপনি একজন অ্যাসাইলামসন্ধানকারী হিসাবে আপনার সহযোগিতার কর্তব্যে অবহেলা করেন, তাহলে এটা আপনার বিশ্বস্ততার পরিপ্রেক্ষিতে আপনার আবেদনের মূল্যায়নের ওপর একটা নেতিবাচক প্রভাব ফেলবে!

অনুগ্রহ করে আপনার সহযোগিতা এবং রিপোর্ট করার কর্তব্য মেনে চলুন। যদি আপনি তা না করেন, তাহলে ফেডারেল অফিস আপনার বসবাসের অনুমতি বাতিল অথবা বহিষ্কার করার মামলা নিশ্চিত করার জন্য পদক্ষেপ হিসাবে আপনার বিরুদ্ধে অন্যান্য পদক্ষেপসহ আপনাকে আটক করতে পারে। তাছাড়া অন্যান্য পরিণামেরও ইঙ্গিত দিতে পারে, যেমন কীভাবে প্রাথমিক কল্যাণ সহায়তা সমাপ্ত করা হবে অথবা সীমিত বা কী ভাবে কার্যপ্রণালী-সংক্রান্ত অসুবিধা দেখা দিতে পারে।

2. অ্যাসাইলামপদ্ধতি

a) অস্ট্রিয়াতে অ্যাসাইলাম অনুমোদনের জন্য প্রয়োজনীয়তাগুলি:

আপনি একটা অ্যাসাইলাম আবেদন করেছেন।

আপনাকে অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশের **অনুমতি দেওয়া** হয়েছে।

আপনার মূল দেশে আপনি যে নির্যাতনের ভয়ে আছেন তার ব্যাপারে আপনার কাছে ভাল কারণ আছে তা আপনি দেখাতে সমর্থ। এটা আপনার জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতামত অথবা একটা বিশেষ সামাজিক গ্রুপের সদস্যপদের কারণ হতে পারে। আপনি আপনার মূল দেশের সুরক্ষার আওতায় আসতে পারবেন না অথবা ভয়ের কারণে তা চাইছেন না।

b) সাক্ষাত্কার:

- একবার যখন আপনাকে অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে (ইতিমধ্যে সাধারণ তথ্য শীটে যেমন ব্যাখ্যা করা হয়েছে), তখন একজন ফেডারেলঅফিসকর্মচারী আপনার সাক্ষাত্কার গ্রহণ করবেন। এই কর্মচারী সদস্য আপনার মূল দেশের পরিস্থিতির ব্যাপারে

অবগত আছেন আবং আপনার আবেদনের ওপর সিদ্ধান্ত নেবেন!

- এই সাক্ষাত্কারে আপনার অ্যাসাইলাম আবেদনের কারণগুলি দর্শাতেই হবে।অনুগ্রহ করে আপনার নির্যাতনের ভয়ের কারণগুলি দর্শান। আপনাকে এটাও দেখাতে হবে যে অন্য কোন কোন বিষয় এবং পরিস্থিতি আপনাকে আপনার মূল দেশে ফিরে যেত বাঁধা দিচ্ছে।
- কিভাবে এবং কেন আপনি পালিয়ে এসেছিলেন সে ব্যাপারে সকল তথ্য গোপনীয় হিসাবে গণ্য করা হবে এবং আপনার মূল দেশের আধিকারিকদের কাছে তা হস্তান্তর করা হবে না।
- এটা জরুরী যে আপনি আপনার নিজস্ব আসল ভাগ্য, এবং যে আসল বিপদ
  আপনাকে ভয় দেখাচ্ছে তা
  সম্পূর্ণ ভাবে, বিস্তারিত এবং বোধগম্য উপায়ে উপস্থাপন করছেন। কিন্তু অনুগ্রহ
  করে সত্যি কথাটা বলুন!
  আপনার বিবৃতির অসত্যতা আপনার প্রতি বিশ্বাসযোগ্যতাকে ক্ষতিগ্রস্ত করবে।
  যদি আপনার বিবৃতিগুলি পরিষ্কার না থাকে তাহলে আপনাকে অতিরিক্ত প্রশ্ন
  জিজ্ঞাসা করা হবে।
- পদ্ধতির সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অংশ হল সাক্ষাত্কার। আপনারঅ্যাসাইলামঅনুমোদন করা যাবে কিনা তার সম্বন্ধে কর্তৃপক্ষের সিদ্ধান্ত নেওয়ার জন্য এটা ভিত্তি তৈরী করে।
- অবশ্য আপনি আপনার বিশ্বস্ত একজনকে সাক্ষাত্কারে সঙ্গে নিতে পারেন, যিনি আপনার উকিল অথবা প্রতিনিধি অথবা একজন আইনী পরামর্শদাতা হতে পারেন।
- যদি আপনি আঠারো বয়সের কম বয়সী একজন হন, আপনার আইনী প্রতিনিধি (একজন বাবামা, একজন আইনী পরামর্শদাতা অথবা দায়িত্বশীল যুব কল্যাণ অফিস) আপনার সাক্ষাত্কারে অবশ্যই উপস্থিত থাকবেন।
- যদি আপনার নির্যাতনের ভয়ের ভিত্তি আপনার ওপর যৌন নিগ্রহের ঘটনা হয়, তাহলে আপনার একই লিঙ্গের ব্যক্তির দ্বারা সাক্ষাত্কার নেওয়ার অধিকার আপনার আছেই। যদি আপনি একই লিঙ্গের ব্যক্তির দ্বারা আপনার দেশে ছেড়ে আসার কারণের ব্যাপারে আপনাকে প্রশ্ন করা পছন্দ করেন, তাহলে অনুগ্রহ করে উপযুক্ত সময়ে আমাদের অবহিত করুন।

c) দোভাষী:

যাতে আপনি ভাষার অসুবিধা ছাড়াই আপনার ছেড়ে আসার জন্য কারণগুলিকে পুনরায় ঠিক করে নিতে পারেন, তার জন্য কর্তৃপক্ষ আপনাকে বিনামূল্যের একজন দোভাষী দেবেন। আপনি যদি চান আমরা আপনার জন্য একই লিঙ্গের একজন দোভাষীর ব্যবস্থা করি, অনুগ্রহ করে উপযুক্ত সময়ে আমাদের অবহিত করুন।কর্তৃপক্ষ তারপর যেখানেই সম্ভব একই লিঙ্গের দোভাষী খুঁজে বার করতে চেষ্টা করবে।

এই দোভাষীর একমাত্র কাজ হল আপনি যা যা বলছেন তা যতদূর সম্ভব সঠিক ভাবে অনুবাদ করে দেবেন। আপনার এবং কর্তৃপক্ষের মধ্যে তিনি হলেন সামান্য একজন ভাষার মাধ্যম, যিনি কর্তৃপক্ষের শুধু একজন কর্মচারী হিসাবে আপনার ব্যক্তিগত বিষয়গুলি নিয়ে কাজ করার সময়ে গোপনীয়তা বজায় রেখে বাধিত হবেন।

দোভাষীকে বুঝতে যদি আপনার সমস্যা হয় অথবা তার সামনে খোলাখুলি কথা বলতে ভয় পান, তাহলে অনুগ্রহ করে আমাদের কর্মচারীর সদস্যকে তত্ক্ষণাত জানান। অনুগ্রহ করে নোট করুন দোভাষী আপনার অ্যাসাইলাম পদ্ধতির ব্যাপারে কোন আইনী তথ্য দিতে পারবেন না হয়ত দেবেনও না!

d) **সাক্ষাত্কারের নোট:**

সাক্ষাত্কার চলার সময়ে আপনি যা যা বলেন তা সবই নথিভুক্ত করা হবে।এর মানে হল লিখিতভাবে নথিভুক্ত হবে।

আপনার নিজের স্বার্থে আপনারই জন্য সাক্ষাত্কারের পরে বিবরণগুলি দোভাষীর দ্বারা অনুবাদিত হবে। পরে এতে সংশোধন অথবা কিছু যুক্ত করার সুযোগ আপনার হবে। আপনি যা যা বললেন তা যদি সঠিকভাবে এবং সম্পূর্ণভাবে নথিভুক্ত হয়, তাহলে সাক্ষর করে আপনি বিবরণগুলিকে নিশ্চিতকরণ করবেন। সাক্ষাত্কারের পরে এই বিবরণগুলির একটা করে কপি আপনি রাখার জন্য দাবী করতে পারেন।

e) সিদ্ধান্ত:

আপনার অ্যাসাইলাম পদ্ধতির ওপর কর্তৃপক্ষের সিদ্ধান্ত একটা লিখিত বিজ্ঞপ্তির আকারে ঘোষণা করা হবে।এই বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ অংশগুলি এমন একটা ভাষায় অনুবাদ করা হবে যে ভাষা আপনি বুঝতে পারবেন।

এই বিজ্ঞপ্তি হয় ব্যক্তিগত ভাবে অ্যাসাইলাম কর্তৃপক্ষের অফিসে হস্তান্তর করা অথবা ইস্যু করাহবে অথবা পুলিশের দ্বারা প্রেরিত হবে। অনুগ্রহ করে আর একবার নোট করুন যে ঠিকানার যে কোন পরিবর্তনই কর্তৃপক্ষকে সঙ্গে সঙ্গে জানাতেই হবে।

ফেডারেলপ্রশাসনিকআদালতেআপীল করে ফেডারেলঅফিসের সিদ্ধান্তকে পর্যালোচনা করতে বলার অধিকার আপনার আছে। কেবলমাত্র একটা নির্দিষ্ট সময়ের মধ্যে ফেডারেলঅফিসেআপনাকে আপীলটা পেশ করতে হবে। অতএব অনুগ্রহ করে আপীলের অধিকার সম্বন্ধীয় বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশগুলি লক্ষ্য করুন (যেটা হল, আপনি কি আপীল করতে পারেন এবং কোন সময়ের মধ্যে করতে পারেন সে ব্যাপারে নির্দেশাবলী)।

f) নথিপত্র প্রদান

- যদি আপনি একটা প্রাথমিক গ্রহণ কেন্দ্র অথবা রিসেপশন কেন্দ্রে স্থান পান, তাহলে নথিপত্র সেখানে আপনাকে পাঠিয়ে দেওয়া হতে পারে।
- যদি আপনি একজন আইনী প্রতিনিধি(উকিল) অথবা একজন অনুমোদিত ব্যক্তিকে আপনার হয়ে নথিপত্র গ্রহণ করার জন্য নির্বাচিত করেন, তাহলে কর্তৃপক্ষের থেকে পাওয়া সমস্ত পত্র বিনিময় সেখানে পাঠিয়ে দেওয়া হবে।ভর্তি পদ্ধতির অঙ্গ হিসাবে কেবলমাত্র কলগুলি আপনার কাছেই পাঠানো হবে।
- যদি আপনি আঠারো বছরের কম বয়সী হন এবং আপনার বাবামা আপনার সঙ্গে না থাকেন, তাহলে কর্তৃপক্ষের সকল পত্র-বিনিময় আপনার আইনী প্রতিনিধির (ভর্তি পদ্ধতি অথবা যুব কল্যাণ অফিসের আইনী পরামর্শদাতা) কাছে পাঠিয়ে দেওয়া হবে। এইভাবে, ভর্তি পদ্ধতি চলাকালীন সবসময়ে আপনি আপনার বিভিন্ন বাসস্থানের যুব কল্যাণ অফিসের সঙ্গে যোগাযোগ রেখে অবশ্যই চলবেন, এবং আপনি কোথায় যাচ্ছেন সে ব্যাপারে তাদের জানিয়ে দেবেন।
- যদি আপনি আপনার দেওয়া ঠিকানায় সাময়িক ভাবে না থাকেন, তাহলে আপনাকেলেখা নথিপত্রগুলি কেরিয়ারের(সাধারণত পোস্ট অফিস)কাছে জমা দেওয়া হবে। পরে আপনি সেগুলিকে সংগ্রহ করে নিতে পারেন। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এই জমার একটা ব্যক্তিগত সরবরাহের প্রভাব আছে এবং গুরুত্বপূর্ণ সময়ের নোটিশ পিরিয়ড এই সময় পয়েন্ট থেকেই আরম্ভ হবে!
- যদি আইনী কারণ ছাড়াই কোন নথিপত্র গ্রহণ করতে অস্বীকার করা হয়, তাহলে এটা

ঠিকানায় ছেড়ে দেওয়া হবে অথবা কেরিয়ারে জমা দেওয়া হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, নথিপত্রকে সরবরাহ করা হয়েছে বলে ধরে নেওয়া হবে এবং গুরুত্বপূর্ণ নোটিশ পিরিয়ড আরম্ভ হয়ে যাবে!

- যদি আপনি সাম্প্রতিক ঠিকানা না দিয়ে থাকেন এবং কর্তৃপক্ষকে সহজে আপনার ঠিকিনাকে চিহ্নিত করতে না পারেন, তাহলে আপনার বিজ্ঞপ্তিকর্তৃপক্ষর কাছে জমা করে দেওয়া হতে পারে। এটাকেও ব্যক্তিগত সরবরাহ হিসাবে দেখা হবে এবং গুরুত্বপূর্ণ নোটিশ পিরিয়ড এখন থেকেই আরম্ভ হবে! অতএব, ঠিকানার সমস্ত পরিবর্তনগুলি অনুগ্রহ করে কর্তৃপক্ষকে জানিয়ে রাখবেন।
- যদি, উদাহরণস্বরূপ, এই মুহূর্তে আপনার কোন দীর্ঘস্থায়ী থাকার জায়গা না থাকে, তাহলে আপনি একজন স্বীকৃত ব্যক্তিকে আপনার হয়ে নথিপত্রগুলি গ্রহণ করার ভার দিয়ে যেতে পারেন(উদাহরণস্বরূপ, অস্ট্রিয়ায় বসবাসকারী একজন ব্যক্তি, দাতব্য সংস্থা প্রভৃতি।) আপনার নথিপত্র সেখানে পাঠিয়ে দেওয়া হবে।
- গৃহহীণ ব্যক্তিদের একটা সংযোগের পয়েন্ট (আপনার বাসস্থানের স্থানীয় প্রশাসনিক অঞ্চলের একটা পয়েন্ট, যেটা গৃহহীণদের দ্বারা নিয়মিত উপস্থিত থাকা হয়), অ্যাসাইলাম পদ্ধতির দৃষ্টিকোণ থেকে একটা বৈধ সরবরাহের পয়েন্ট নয়।এর মানে অ্যাসাইলাম পদ্ধতি সংক্রান্ত কোন নথিপত্রই আপনাকে সেখানে পাঠানো হবে না।

g) পরবর্তী আবেদন পদ্ধতি

যদি আপনি একটা পরবর্তী আবেদনপত্র পেশ করে থাকেন (যেমন, একটা আবেদন যার জন্য আইনী সিদ্ধান্ত ইতিমধ্যেই নেওয়া হয়ে গেছে, তার পরবর্তী একটা আবেদন), বিশেষ শর্তগুলি আপনার পদ্ধতিতে প্রযোজ্য হবে। এর সম্বন্ধে একটা আলাদা পুস্তিকা আপনাকে তথ্যগুলি দেবে।

h) অ্যাসাইলাম আবেদন প্রত্যাহার:

নীতিগত ভাবে, আপনি অ্যাসাইলাম আবেদন পত্র প্রত্যাহার করতে পারেন না।

এ সত্বেও আপনি যদি আপনার অ্যাসাইলাম পদ্ধতি শেষ করে দিতে চান, তাহলে অধিকর্তাদের লিখিত ভাবে আপনাকে জানাতেই হবে অথবা রিটার্নীজ পরামর্শ কেন্দ্র অথবা একজন আইনী পরামর্শদাতার সাহায্য চাইতে হবে। যদি আপনি ফেডারেলঅফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার

পরে আপনার আসাইলাম আবেদন পত্র প্রত্যাহার করেন, তাহলে এটাকে আপীলের প্রত্যাহার বলে মনে করা হবে। সাধারণ আইনী প্রতিকার ব্যবহার করে ফেডারেলঅফিসের মূল সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আর লড়তে পারবেন না।

i)সম্ভাব্য গ্রেফতারি পরোয়ানা

অ্যাসাইলাম কর্তৃপক্ষ আপনার বিপক্ষে একটা গ্রেফতারি পরোয়ানা ইস্যু করতে পারেন যদি

- ❖ টিএমভর্তি পদ্ধতি থেকে প্রত্যাহার করেন; যেটা হল যদি কর্তৃপক্ষ আপনার বাসস্থান কোথায় আছে তা না জানেন।
- ❖ টিএমভর্তি পদ্ধতিতে যদি আপনি আমাদের কর্মী সদস্যদের না জানিয়ে প্রাথমিক রিসেপশন কেন্দ্র ছেড়ে চলে যান।
- ❖ আপনাকে নির্দিষ্ট তারিখে কর্তৃপক্ষের সামনে উপস্থিত হতে অনুরোধ করা সত্ত্বেও আপনি যদি অনুরোধ অমান্য করেন।

যদি থেমে যায়, তাহলে আপনাকে সুরক্ষা পরিষেবার দ্বারা অ্যাসাইলামকর্তৃপক্ষের কাছে আপনাকে নিয়ে যাওয়া হবে!

j) পারিবারিক পদ্ধতি:

একজন বিদেশীর এক পারিবারিক সদস্য হিসাবে যিনি ইতিমধ্যেই অ্যাসাইলামের অথবা সহকারী সুরক্ষার অনুমতি পেয়েছেন, আপনিও একই রকমের সুরক্ষার আদেশ পেতে পারেন যদি নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি মেটানো হয়:

- ❖ টিএম আপনার পারিবারিক সদস্য অভিযোগের দায়ী হবেনই না।
- ❖ টিএম অন্য দেশে আপনার পরিবারের সঙ্গে আপনার বর্তমান পারিবারিক জীবন যাপন চালিয়ে যাওয়া আপনার পক্ষে সম্ভব নয়।
- ❖ টিএম আপনার পরিবারের সদস্যের বিপক্ষে অ্যাসাইলাম অস্বীকার অথবা সহকারী সুরক্ষা সংশ্লিষ্ট আইনী বিচার স্থগিত থাকতে অবশ্যই পারবে না।
- ❖ টিএম আপনি অবশ্যই একজন ইইএ নাগরিক অথবা সুইজারল্যান্ডের নাগরিক হতে পারবেননা।
- ❖ টিএম আপনার আবেদন পত্রে উল্লিখিত পারিবারিক সদস্য পারিবারিক পদ্ধতিতে অ্যাসাইলাম

অথবা সহকারী সুরক্ষা নাও পেতে পারেন।যদি পারিবারিক সদস্য একজন অবিবাহিত বাচ্চা অথবা অপ্রাপ্তবয়স্ক হন, তাহলে এই নিয়ন্ত্রণ প্রযোজ্য হবে না।

পারিবারিক সদস্য মানে, উদাহরণস্বরূপ: নির্ভরশীল আত্মীয়, অপ্রাপ্ত বয়স্ক একজন বাচ্চার বাবামা এবং অবিবাহিত বাচ্চারা যারা অপ্রাপ্ত বয়স্ক। বিবাহিত দম্পতির ক্ষেত্রে, পরিবারের ইউনিটটির ইতিমধ্যে মূল দেশে বাস্তব অস্তিত্ব থাকতেই হবে।

k) বাস করার অনুমতিপত্রেরঅধিকার:

যদি আপনি অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশের অনুমতি পান, তাহলে আপনাকে একটা বাস করার পারমিটদেওয়াহবে। আইনে আবদ্ধ সিদ্ধান্ত অথবা অ্যাসাইলাম পদ্ধতির সমাপ্তির সঙ্গে পারমিটের বিচ্ছিন্নতা বৈধ হবে। এই পরিস্থিতিতে, আপনি অবশ্যইঅ্যাসাইলাম অফিসে পারমিট ফেরত দেবেন।

l) উত্তরকালীন সুরক্ষারঅধিকারিদের জন্য পারমিট:

আপনি একটা উত্তরকালীন রেসিডেন্স পারমিট পাবেন যদি কর্তৃপক্ষ এটা প্রমাণকরে যে বাস্তবিক পক্ষে আপনি অ্যাসাইলামের অধিকারী নন, কিন্তু আপনার মূল দেশের পরিস্থিতির কারণে, আপনাকে নির্বাসনে অথবা ফেরত পাঠিয়ে দিতে পারা যাবে না (জীবনের অধিকার ভঙ্গের, মৃত্যুদন্ড সংক্রান্ত নিষেধাজ্ঞা, নির্যাতন অথবা(অমানবিক অথবা অপদস্থ ব্যবহারের ঝুঁকির কারণে)।ফেডারেলঅফিসউত্তরকালীন সুরক্ষা পাওয়ার যোগ্যতার একটা কার্ড আপনাকে প্রদান করবে।

এই পারমিট আপনার পরিচয়ের প্রমাণ এবং অস্ট্রিয়াতে আপনার থাকার বৈধতার কাজ সম্পাদন করবে। যতক্ষণ না বর্ধিত সময়ের ওপর একটা আইনী সিদ্ধান্ত হচ্ছে ততক্ষণ পর্যন্ত বসবাসের অধিকার কার্যকর থাকবে, যদি বর্ধিত সময়ের জন্য আবেদন পত্র বসবাসের অধিকারের মেয়াদ শেষ হওয়ার আগেই করা হয়ে থাকে।

যে সকল কারণগুলি যা আপনাকে ফেরত না পাঠানো অথবা আপনার মূল দেশে নির্বাসনে না পাঠানোর ভিত্তি ছিল, তা মুছে গেলে, সাময়িক বসবাসের পারমিট প্রত্যাহার করে নেওয়া হবে। যে সকল ব্যক্তিদের উত্তরকালীনবসবাসের অধিকারের পারমিট ছিল এতদ্বারা তাদের আর বৈধতা

থাকবে না।

এই ধরণের সিদ্ধান্ত লিখিত আকারে নিশ্চিত করা হবে।ফেডারেলপ্রশাসনিকআদালতে এ্যাপীল করে ফেডারেলঅফিসের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করার অধিকার আপনার আছে। চূড়ান্ত সিদ্ধান্তের পর পারমিটটিকে কর্তৃপক্ষের কাছে ফিরিয়ে দিতে হবেই।

m)পরামর্শ:

ভর্তির পদ্ধতি চলার সময়ে আপনি বিনা মূল্যে স্বাধীন আইনী পরামর্শদাতা পাবেন। এ ছাড়াও আপনার মামলায় স্থানীয় সাহায্যকারী সংস্থাগুলি (দাতব্য, ধর্মপ্রচারক সাহায্য গ্রুপ, খ্রীস্টীয় এবং আন্যান্য) আপনাকে সাহায্য করতে পারেন এবং বিনা খরচে অ্যাসাইলাম পদ্ধতিতে আপনার প্রতিনিধিত্ব করতে পারেন। আরও ব্যাপার যে পারলে আপনি আপনার নিজস্ব আইনী প্রতিনিধিত্ব (উকিল) অবশ্যই ব্যবহার করতে পারেন। যদিও এর খরচ আপনাকেই বহন করতে হবে।

3. **শাস্তি-বিষয়ক ব্যবস্থা:**

অনুগ্রহ করে নোট করুন যে নিম্নলিখিত কাজ, অন্যদের মধ্যে অভিযোগ তৈরী করে:

- যদি আপনি এগুলি সত্য নয় জানা সত্বেও অ্যাসাইলামকর্তৃপক্ষের কাছে অ্যাসাইলাম পদ্ধতিতে আপনার পরিচিতি অথবা উত্সের সম্বন্ধে ভুল তথ্য দেন, তাহলে আপনাকে বিচারের জন্য অভিযুক্ত করা হবে।
- অ্যাসাইলাম পদ্ধতি চলাকালীন যদি আপনি রিপোর্ট করতে অবহেলা করেন, তাহলে আপনাকে বিচারের জন্য অভিযুক্ত করা হবে।
- ভর্তি পদ্ধতি চলাকালীন যদি আপনি সীমানা নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘন করেন তাহলে আপনাকে বিচারের জন্য অভিযুক্ত করা হবে।